দৈনিক ইনকিলাব
তারিখ 28 SEP 1991 পৃষ্ঠা ১ কলাম ৬

24

## পাসের হার শতকরা ৬৪ দশমিক ৪৬ ভাগ

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পরীক্ষার পাসের হার শতকরা ৬৪ দশমিক ৪৬ ভাগ। চলতি বছরের মে মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল।

এ পরীক্ষায় ১ লাখ ১২ হাজার ৪শ' ৩৬ জন তালিকাভুক্ত পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৩ হাজার ৯শ' ৩১ জন অংশ নিয়েছিল। এর মধ্যে ৭ হাজার ৮শ' ২১ জন প্রথম বিভাগ, ২৭ হাজার ৯শ' ৮২ জন দ্বিতীয় বিভাগ এবং ৩১ হাজার ১শ' ৯৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। সর্বমোট ৬৬ হাজার ৯শ' ৯৯ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।

সাধারণ বিজ্ঞান বিভাগে ৩১ হাজার ৪শ' ৭৬ জন ছাত্র ও ৯ হাজার ৭শ' ৪২ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। ছাত্রদের মধ্যে ৫ হাজার ৪শ' ৩ জন প্রথম বিভাগ। ১১ হাজার ৬শ' ৭৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৮ হাজার ১শ' ৫৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৮০ দশমিক ১৭ ভাগ। ছাত্রীদের মধ্যে ৮১ হাজার ৫শ' ৩১ জন প্রথম বিভাগ, ৩ হাজার ২শ' ৩৯ জন দ্বিতীয় বিভাগ ও ১ হাজার ৬শ' ৩৬ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার শতকরা ৬৫·৭৫ ভাগ। এ বিভাগে মোট ৬ হাজার ৯শ' ৩৪ জন প্রথম বিভাগ, ১৪ হাজার ৯শ' ১৪ জন দ্বিতীয় বিভাগ এবং ৯ হাজার ৭শ' ৯৩ জন তৃতীয় বিভাগ পেয়েছে।

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## পরীক্ষার ফল প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

পাসের হার শতকরা ৭৬ দশমিক ৭৬ ভাগ।

সমাজ বিজ্ঞান বিভাগে ৪১ হাজার ২শ' ৯১ জন নিয়মিত ছাত্র ও ১৮ হাজার ৮শ' ৫৫ জন নিয়মিত ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। ছাত্রদের মধ্যে ৫শ' ৯ জন প্রথম বিভাগ, ৭ হাজার ৪শ' ৯৮ জন দ্বিতীয় বিভাগ এবং ১২ হাজার ৬শ' ৭৯ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার শতকরা ৫০ দশমিক ৯ ভাগ। ছাত্রীদের সংখ্যা এ বিভাগে ১৮ হাজার ৮শ' ৫৫ জন। এদের মধ্যে ৩শ' ৭৫ জন প্রথম বিভাগ, ৫ হাজার ৪শ' ১ জন দ্বিতীয় বিভাগ এবং ৮ হাজার ৩৫ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার শতকরা ৭৩ দশমিক ২৪ ভাগ। সমাজ বিজ্ঞান বিভাগের অনিয়মিত পরীক্ষার্থী ছাত্রের সংখ্যা ২ হাজার ৬১ ও ছাত্রীর সংখ্যা ৫শ' ৬। ছাত্রদের মধ্যে ৩ জন প্রথম বিভাগ, ১শ' ২৪ জন দ্বিতীয় বিভাগ এবং ৪শ' ৯৫ জন তৃতীয় বিভাগ পেয়েছে।

পাসের হার শতকরা ৩০ দশমিক ১৭ ভাগ। ছাত্রীদের মধ্যে ৪৫ জন দিত্বীয় বিভাগ ও ১শ' ৯৪ জন তৃতীয় বিভাগ পেয়েছে। এ ক্ষেত্রে পাসের হার শতকরা ৪৭ দশমিক ২৩ ভাগ।

সাধারণ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় রংপুর ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্র আবদুল্লাহ আল মাহমুদ প্রথম স্থান লাভ করেছে। তার রোল নম্বর রং (ক্যান্ট) ১ প্রাপ্ত নম্বর ৮শ' ৫৯। দ্বিতীয় হয়েছে একই স্কুলের ছাত্র মোঃ মশফিকুর রহমান, তার রোল নম্বর রং (ক্যান্ট) ২ প্রাপ্ত নম্বর ৮শ' ৫১। রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মেহেদী মাস্‌নাদ ৮শ' ৪৮ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে। তার রোল নম্বর রাজ (ক্যাডেট) ২৬। এই বিভাগে মেয়েদের মধ্যে বগুড়া সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রী রাফিয়া রাজ্জাক প্রথম হয়েছে। তার রোল নম্বর বগ ম ৫১১ এবং প্রাপ্ত নম্বর ৮শ' ৪৩। রাজশাহী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় হেলেনাবাদ-এর ছাত্রী ফাহমিদা বারী (রোল রাজ ম ১০৭৪) ৮শ' ৩৯ নম্বর পেয়ে দ্বিতীয় এবং দিনাজপুর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী শাহনাজ শিরিন (রোল দিন ম ৬৫৩) ৮শ' ২৯ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে।

সমাজ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় হারাদীঘি উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ শাহজাহান আলী (রোল তেঁতুলিয়া ১২০) ৭শ' ৪৮ নম্বর পেয়ে প্রথম স্থান লাভ করেছে। রংপুর উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ শামীম ইফতেখার (রোল রং ১২৬১) ৭শ' ৪৭ নম্বর পেয়ে দ্বিতীয় এবং সেন্ট ফিলিপস হাইস্কুলের ছাত্র লরেন্স বেস্‌রা (রোল দিন ১১৪৯) ৭শ' ৩৮ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে। এই শাখায় মেয়েদের মধ্যে ধুনট পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী মোছাঃ মসলিমা আক্তার (রোল ধুনট ম ৯০১) ৭শ' ৩৫ নম্বর পেয়ে প্রথম হয়েছে। নাটোর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী দেবযানী চক্রবর্তী (রোল নাট ম-১২৩৪) ৭শ' ৩২ নম্বর পেয়ে দ্বিতীয় এবং দিনাজপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী শাওন আখতার (রোল দিন ম-১৫৩১) ৭শ' ৩০ নম্বর পেয়ে তৃতীয় স্থান লাভ করেছে।

OF ___ SHEETS